



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



মজিব মুজিব
শতবর্ষ ১০০

নম্বর: ৩৭.০১.০০০০.১১২.৯৯.০০১.১৯.৭৪

তারিখ: ২৩ কার্তিক ১৪২৮

০৮ নভেম্বর ২০২১

প্রাপক:

- ১) রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)
- ২) রেজিস্ট্রার (সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়)

বিষয়: ওয়ার্ল্ড কংগ্রেস অন ইনফরমেশন টেকনোলজি ‘ডব্লিউসিআইটি ২০২১’ সম্মেলনে সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকগণের অংশগ্রহণের বিষয়ে।

সূত্র: ৫৬.০১.০০০০.০০৭.৩৫.০০২.২০.১১৭

আগামী ১১-১৪ নভেম্বর ২০২১ তারিখে আইসিটি বিভাগের নেতৃত্বে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) তথ্যপ্রযুক্তির সর্ববৃহৎ আন্তর্জাতিক সম্মেলন ওয়ার্ল্ড কংগ্রেস অন ইনফরমেশন টেকনোলজি ‘ডব্লিউসিআইটি ২০২১’ অনুষ্ঠিত হবে। এ সম্মেলনের উদ্যোগ প্রাতিষ্ঠান **World Information Technology & Services Alliance (WITSA)** এবং বাংলাদেশে এ প্রোগ্রাম আয়োজনে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ও বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস) সম্পৃক্ত হয়েছে।

২০২১ সালে বাংলাদেশে অনুষ্ঠিত “**World Congress on IT (WCIT) 2021**” এর প্রতিপাদ্য হলো **ICT: The Great Equalizer**. করোনা সংক্রমণের বিষয় বিবেচনায় এ সম্মেলনটি হাইব্রিড মোডে আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ সম্মেলনে বাংলাদেশের আইসিটি সক্ষমতা, উদ্ভাবনী, পণ্য ও সেবা, ভবিষ্যৎ প্রযুক্তি, বিভিন্ন আন্তর্জাতিক সেমিনার অন্তর্ভুক্ত আছে। এছাড়া সম্মেলনে বাংলাদেশ সরকারের বিভিন্ন পরিকল্পনা উপস্থাপন করে এদেশে আইসিটি শিল্পে বিদেশী বিনিয়োগে আকৃষ্ট করার উদ্যোগ নেয়া হবে। পাশাপাশি সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী এবং শিক্ষকদের উপস্থিতি ও অংশগ্রহণ এ সম্মেলনের গুরুত্ব ও ব্যাপকতাকে একটি ভিন্ন মাত্রায় উন্নীত করবে।

আন্তর্জাতিক এ সম্মেলনে সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকদের অংশগ্রহণে উদ্বুদ্ধ করতে বাংলাদেশের সকল বিশ্ববিদ্যালয়কে তাদের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে আপলোডসহ ছাত্র-শিক্ষকদের মাঝে ব্যাপকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

রেজিস্ট্রেশন লিংক: <https://www.wcit2021.org.bd/login>

আপনার বিশ্বস্ত,

৮-১১-২০২১

মোহাম্মদ মাকছুদুর রহমান ভূঁইয়া
পরিচালক (ইনফরমেশন ম্যানেজমেন্ট,
কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ) (অতিরিক্ত
দায়িত্ব)

দৃষ্টি আকর্ষণঃ নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

নম্বর: ৩৭.০১.০০০০.১১২.৯৯.০০১.১৯.৭৪/১(৩)

তারিখ: ২৩ কার্তিক ১৪২৮
০৮ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ২) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



৮-১১-২০১৯

ইমতিয়াজ আহমেদ
সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার